

# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা।

এস.এস.সি পরীক্ষা- ২০২১

দ্বিতীয় প্রস্তুতিমূলক মূল্যায়ন

বিষয়-বিজ্ঞান

বিষয় কোড-১২৭

সময়-৩ ঘন্টা

পূর্ণমান-১০০

[ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

৩০x১=৩০

- (১) ক্যালরি কী?
- (২) অ্যামাইনো এসিড কী?
- (৩) শর্করা কী?
- (৪) ভিটামিন সি কী নামে পরিচিত?
- (৫) জেরপথ্যালমিয়া কী?
- (৬) BMI এর পূর্ণরূপ লেখ।
- (৭) সেলুলোজ কী?
- (৮) মাদক দ্রব্য কী?
- (৯) LDL এর পূর্ণরূপ লেখ
- (১০) ভরসূচি নির্ণয়ের সূত্র লেখ।
- (১১) পানির সংকেত লেখ
- (১২) Marine Water কী?
- (১৩) P<sup>H</sup> কী?
- (১৪) Erie কী?
- (১৫) মরা নদী কাকে বলে?
- (১৬) ব্লিচিং পাউডারের সংকেত লেখ।
- (১৭) পরিষ্কাবণ কী?
- (১৮) Global Warming কী?

- (১৯) বিশুদ্ধ পানির বৈশিষ্ট্য কী?
- (২০) উভধর্মী পদার্থ কাকে বলে?
- (২১) লেন্স কী?
- (২২) উত্তল লেন্সের ক্ষমতা কীরূপ?
- (২৩) দর্পন কী?
- (২৪) প্রতিসরাঙ্ক কী?
- (২৫) রেটিনা কী?
- (২৬) হারিকেন কী?
- (২৭) জলবায়ু কী?
- (২৮) খরা সৃষ্টির মূল কারণ কী?
- (২৯) চূনাপাথরের সংকেত লেখ।
- (৩০) হিস্টামিন কী?

২। রিমা সাধারণত বার্গার, ফ্রায়েড চিকেন, পিৎজা, চিপস, মচমচে ভাজা খাবার ও সফট ড্রিংক বেশী পছন্দ করে। সে প্রায়ই গ্যাস্ট্রিকজনিত সমস্যায় ভোগে।

- ক) সুষম খাবার কী? ১
- খ) রাফেজ শরীরের জন্য গুরুত্বপূর্ণ কেন? ২
- গ) রিমার সমস্যাটির কারণ ব্যাখ্যা করো। ৩
- ঘ) উদ্দীপকে উল্লিখিত খাদ্যগুলো কতটুকু স্বাস্থ্যসম্মত বিশ্লেষণ করো। ৪

৩। করিম একজন প্রবাসী। প্রবাস থেকে দেশে ফেরার পথে বিমান বন্দরে ডাক্তার তার রক্ত পরীক্ষা করলে রক্তে AIDS-এর ভাইরাস পায়। করিম ডাক্তারকে জিজ্ঞাসা করল এটি কী জাতীয় রোগ? ডাক্তার বললেন এটি ঘাতক রোগ।

- ক) AIDS-এর পূর্ণরূপ কী? ১
- খ) খাদ্যে ভিটামিন B কমপ্লেক্সের উপস্থিতি অতি আবশ্যিক কেন? ২
- গ) করিমের রক্তে যে রোগের ভাইরাস পাওয়া গেছে তা কীভাবে ছড়ায় ব্যাখ্যা করো। ৩
- ঘ) রোগটি সম্পর্কে ডাক্তারের মতামত কতটুকু যুক্তিসঙ্গত বিশ্লেষণ করো। ৪

৪। আট বছরের অর্পা শাক-সবজি, ফলমূল একেবারেই পছন্দ করেন না। সে শুধু মাংস দিয়ে ভাত খায়। একদিন অর্পার চাচা বাসায় বেড়াতে এসে বিষয়টি লক্ষ্য করলেন। এ ব্যাপারে অর্পার মাকে বললেন, “খাদ্য হবে সুস্বাদু এবং সেজন্য খাদ্যের মেনু তৈরি করার সময় কিছু কিছু দিক বিবেচনা করতে হয়।”

ক) আমলকিতে কোন ভিটামিন পাওয়া যায়? ১

খ) খাদ্য সংরক্ষণ বলতে কী বোঝায়? ২

গ) উদ্ভীপকে উল্লিখিত খাদ্য পছন্দ না করার কারণে অর্পার কী সমস্যা হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) অর্পার চাচার শেযোক্ত উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৫। পানি অত্যন্ত মূল্যবান প্রাকৃতিক সম্পদ। নদ-নদীর পানি আমাদের পরিবেশের অতি গুরুত্বপূর্ণ অংশ, জলজ উদ্ভিদ ও প্রাণীর আশ্রয়স্থল। তাছাড়া পানি কৃষি কাজে সেচের জন্য ব্যবহৃত হয়। তাই বলা যায় পানির নির্দিষ্ট মান বজায় না রাখলে জীব বৈচিত্র্যের ওপর ক্ষতিকর প্রভাব পড়বে।

ক) ETP কী? ১

খ) ক্লোরিনেশন বলতে কী বোঝায়? ২

গ) বাংলাদেশের প্রেক্ষাপটে উদ্ভীপক প্রদত্ত উপাদানটির দূষণের কারণসমূহ ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্ভীপকের শেযোক্ত লাইনটি সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো। ৪

৬।  $H_2+O_2 \rightarrow 'X'$

ক) আর্সেনিক কী ১

খ) শীতকালে উলের কাপড় ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ) 'X' দূষণের কারণ-ব্যাখ্যা করোই। ৩

ঘ) 'X' এর বিষাক্ততার মানদণ্ড-বিশ্লেষণ করো। ৪

৭।

A	HCL
B	NaOH
C	Nacl

ক) ভিনেগারের সংকেত কী? ১

খ)  $HNO_3$  কে এসিড বলা হয় কেন? ২

গ) ছকের B যৌগটির কী জাতীয় পদার্থ? তাদের বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ) ছকের A ও C যৌগটি ব্যবহার ব্যাখ্যা করো। ৪

৮। প্রতীকের অফিসে ২টি ১০০ ওয়াটের বাল্ব, ২টি ৮০ ওয়াটের ফ্যান এবং ২টি ১২০ ওয়াটের কম্পিউটার প্রতিদিন ১০ ঘন্টা করে চলে। এতে বিল বেশি হওয়ায় বর্তমানে ২টি ২৭ ওয়াটের এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করছে।

ক) IPS-এর পূর্ণরূপ কী? ১

খ) সিস্টেম লস বলতে কী বোঝায়? ২

গ) পূর্বে প্রতীকের অফিসের মাসিক বিল নির্ণয় করো। (প্রতি ইউনিটের মূল্য ৮ টাকা) ৩

ঘ) বর্তমানে তার অফিসে ব্যবহৃত বাল্বের সুবিধা বিশ্লেষণ করো। ৪